

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
১৫, কলেজ রোড, ঢাকা
www.bjsc.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)

১. ভিশন ও মিশন :

ভিশন : ন্যায়বিচার নিশ্চিত করণার্থে মেধা ও উচ্চ নৈতিকতাসম্পন্ন, ন্যায়বিচার প্রতিষ্ঠায় অঙ্গীকারবদ্ধ ব্যক্তিদের বিচারক হিসেবে নির্বাচন করা।

মিশন : জুডিসিয়াল সার্ভিসে বাংলাদেশী আইন গ্র্যাজুয়েটদেরকে নিয়োগের ক্ষেত্রে কমিশনের নিরপেক্ষতা, কর্ম-স্বাধীনতা, কার্যকারিতা বজায় রাখা এবং তাদেরকে গ্রহণযোগ্য বিভাগীয় পরীক্ষার মাধ্যমে পরবর্তী কর্মজীবনে পথ নির্দেশ করা।

২. প্রতিশ্রুত সেবাসমূহ :

২.১। নাগরিক সেবা :

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্যগ এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(১)	বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্তৃক পরিচালিত বিভিন্ন পরীক্ষা সংক্রান্তে অবমুক্তকরণযোগ্য তথ্য প্রদান।	চাহিত মতে।	কমিশন সচিবালয়।	বিনামূল্যে	তথ্যের প্রকারভেদ অনুযায়ী অনূর্ধ্ব ০৭ (সাত) কর্মদিবস।	জনাব শাহরিয়ার কবির উপ-সচিব ফোন: ৯৫৬৮৬৪২ ই-মেইল : skabirjudge@gmail.com

২.২। দাপ্তরিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্যএ এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(১)	বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের প্রবেশপদে নিয়োগের জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষা গ্রহণের মাধ্যমে যোগ্যতর প্রার্থী বাছাইপূর্বক নিয়োগ কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রেরণ।	নির্ধারিত কেন্দ্রে ও পূর্বঘোষিত সময়সূচী মোতাবেক ১০০ নম্বরের প্রিলিমিনারী, ১০০০ নম্বরের লিখিত ও ১০০ নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ।	আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজাদি কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।	পরীক্ষার ফি ১,২০০/- টাকা মোবাইল অপারেটর কোম্পানী টেলিটক এর মাধ্যমে পরিশোধ করতে হবে।	নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার থেকে যোগ্য প্রার্থীদের নিয়োগের জন্য সুপারিশ প্রেরণ- ০৯ (নয়) মাস।	জনাব শাহরিয়ার কবির উপ-সচিব ফোন: ৯৫৬৮৬৪২ ই-মেইল : skabirjudge@gmail.com
(২)	সহকারী জজ/ সমপর্যায়ের কর্মকর্তাগণের বিভাগীয় পরীক্ষা গ্রহণ পূর্বক তাদের চাকুরী স্থায়ীকরণের নিমিত্ত নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর ফলাফল প্রেরণ।	কমিশন সচিবালয়ের পরীক্ষা হলে পূর্বঘোষিত সময়সূচী মোতাবেক লিখিত পরীক্ষা গ্রহণ। প্রতি ষান্মাসিকে ০১ বার করে বছরে মোট ০২ বার বিভাগীয় পরীক্ষা গ্রহণ।	আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজাদি কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।	কোন পরীক্ষার ফি নেই	পরীক্ষার বিজ্ঞপ্তি প্রচার থেকে ফলাফল প্রকাশ- ০৩ মাস	জনাব শাহরিয়ার কবির উপ-সচিব ফোন: ৯৫৬৮৬৪২ ই-মেইল : skabirjudge@gmail.com
(৩)	রাষ্ট্রপতি কর্তৃক সার্ভিস পদে নিয়োগ বা তৎসংক্রান্ত অন্য যেকোন বিষয় সম্পর্কে কমিশনের পরামর্শ চাওয়া হলে কিংবা কমিশনের দায়িত্ব সংক্রান্তে কোন বিষয় কমিশনের নিকট প্রেরণ করা হলে, সে সম্পর্কে রাষ্ট্রপতিকে উপদেশ দান।	যে পদ্ধতিতে উপদেশ প্রদানের জন্য বলা হয়।	-----	-----	যে সময়সীমার মধ্যে পরামর্শ প্রদানের জন্য বলা হয়।	জনাব শাহরিয়ার কবির উপ-সচিব ফোন: ৯৫৬৮৬৪২ ই-মেইল : skabirjudge@gmail.com

২.৩। অভ্যন্তরীণ সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্যএ এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(১)	ওয়েবপোর্টালে তথ্য হালনাগাদকরণ এবং প্রকাশ।	সরাসরি।	www.bjsc.gov. bd	বিনামূল্যে	০২ দিন	সহকারী প্রোগ্রামার

